০১৫

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

## জানুয়ারী, ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত খুলনা জেলার অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ মোস্তাক উদ্দীন, উপপরিচালক
স্থান ঃ উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা এর সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ০৮ জানুয়ারী, ২০২৩ (বাংলা ২৪ পৌষ , ১৪২৯)
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি করোনা ভাইরাসের বিষয়ে সবাইকে সচেতন থাকা মাস্ক ব্যবহার করা, সামাজিক দুরত্ব বজায় রেখে কাজ করার পরামর্শ প্রদান করেন । অতপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক সভার শুরুতে গত ডিসেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় জেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমূহের ট্রেড ভিত্তিক অগ্রগতি সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ ধারাবাহিকভাবে সভাকে অবহিত করেন। জেলা ও উপজেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানি এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও ঋণ কার্যক্রমের অগ্রগতি এবং বিবিধ বিষয় সংশ্লিষ্ট ডেপুটি কো-অর্ডিনেটর,সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। যা নিম্নে ছকে সন্নিবেশিত করা হ'ল ঃ

** যুব প্রশিক্ষণ,ঋণ, যুব সংগঠন, প্রশাসনিক সমস্যা, আত্মকর্মসংস্থান এবং অন্যান্য কার্যাবলীঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | যুব প্রশিক্ষণ | ভর্তি ও ভর্তি ফি সরকারী কোষাগারে জমা এবং সনদপত্র প্রেরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ভর্তি ফি সরকারি কোষাগারে যথাসময়ে জমা প্রদান এবং জেলা ও উপজেলা কার্যালয়ের সনদপত্র যথাসময়ে স্বাক্ষর পূর্বক প্রশিক্ষণার্থীদের মাঝে নিদ্দষ্ট সময়ে মধ্যে বিতরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে ভর্তি ফি যথা নিয়মে সরকারী কোষাগারে নিয়মিত জমা প্রদান করতে হবে। সকল ট্রেডের সনদপত্র প্রধান কার্যালয়ের নির্দেশনা মাফিক প্রেরণ ও বিতরণ করতে হবে। কার্যালয়ের সকল ট্রেড প্রধানকে সিলেবাস অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ০২ | ঋণ কার্যক্রম | জেলাধীন ১১টি থানা/উপজেলা কার্যালয়ের মাধ্যমে চলতি অর্থবছরে টার্গেট অনুযায়ী ঋণ বিতরণ, আদায় করা, কিস্তি খেলাপী, ঋণ খেলাপী আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পরিবার ভিত্তিক ঋণ বিতরণ বিষয়ে আলোচনা করা হয়। ঋণ প্রতিবেদন পর্যালোচনা করে তেরখাদা, দিঘলিয়া, বটিয়াঘাটা, ডুমুরিয়া, দাকোপ, কয়রা ও পাইকগাছা উপজেলায় অসংগতি পাওয়া যায়। উক্ত উপজেলা কর্মকর্তাদের চিহ্নিত অসংগিতি গুলো জানিয়ে দেওয়া হয়। করোনা কালীন সময় ঋণ আদায় ব্যহত হওয়ায় প্রায় সকল উপজেলায় কিস্তি খেলাপীর পরিমান বৃদ্ধি পাওয়ায় উক্ত খেলাপী আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী স্ব-স্ব উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তাগণকে ঋণ বিতরণ ও আদায় করতে সভায় পরামর্শ প্রদান করা হয়। পরিবার ভিত্তিক সকল উপজেলাকে ঋণ বিতরণ করতে তাগাদা প্রদান করা হয়। আগামী মাসের প্রতিবেদন অসংগতি যুক্ত উপজেলা গুলোকে অসংগতি সংশোধন পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে বলা হয়। চলমান আদায় ১০০% উন্নীত করতে জোর তাগাদা প্রদান করা হয়। কোন মতেই চলমান ঋণের কিস্তি খেলাপী করা যাবেনা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) |
| ০৩ | যুব সংগঠন | লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উপজেলাকে সংগঠন নিবন্ধন করা বিষয়ে আলোচনা । | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতিটি উপজেলাকে নূন্যতম ০১টি সংগঠন নিবন্ধন করতে নির্দেশনা প্রদান করা হয়। | থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ০৪ | প্রশাসনিক | কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন, প্রস্থান ও ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান নিশ্চিত করণের বিষয়ে ও শূণ্যপদ নিয়ে আলোচনা হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অফিসে নিয়মিত যথাসময়ে উপস্থিত, প্রস্থান এবং সকাল ৯.০০ থেকে ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান করতে হবে। নিয়ন্ত্রণকারীর পূর্ব অনুমোদন/অনুমতি ছাড়া অফিস ত্যাগ করা যাবেনা। কোন ক্রমেই নিয়ন্ত্রণকারীর অনুমোদন/অনুমতি ছাড়া প্রধান কার্যালয়ে গমন করা যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। দাকোপ ও কয়রা উপজেলায় ০২ জন করে সহকারী উপজেলা কর্মকর্তার পদ শূণ্য রয়েছে। উক্ত দুটি উপজেলায় সহকারী উপজেলা কর্মকর্তা পদায়ন দেওয়ার জন্য সভার মাধ্যমে প্রধান কার্যালয়কে অনুরোধ করা হয়। | প্রধান কার্যালয়/সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | আত্মকর্মসংস্থান | প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিযুক্ত হতে উদ্বুদ্ধ করা সংক্রান্ত আলোচনা হয়। | প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিযুক্ত হতে উদ্বুদ্ধ করতে জেলা ও উপজেলার কর্মকর্তাদের পরামর্শ প্রদানসহ উক্ত প্রতিবেদন যথাসময়ে জেলায় প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ০৬ | এপিএ | এপিএ এর লক্ষ্যমাত্রা বিষয়ে অলাচনা করা হয় | এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নে জোর তাগাদা প্রদান করা হয়। | সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্ত |
| ০৭ | শুদ্ধাচার | জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত আলোচনা করা হয় | জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তাবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকত |
| ০৮ | তথ্য বাতায়ন | তথ্য বাতায়ন হালনাগাদ করা সংক্রান্ত আলোচনা। | তথ্য বাতায়নে নিয়মিত ভাবে দপ্তরের সকল বিজ্ঞপ্তি, নোটিশ, অফিস আদেশ এবং জেলা উপজেলার সকল কর্মকর্তার এনওসি আপলোড করা হয় | থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকত |
| ০৯ | বিবিধ আলোচনা | ১. প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।<br>২. শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ও ২০২২-২০২৩ অর্থবছরের যুব কল্যান তহবিলের অনুদানের আবেদন বিষয়ে আলোচনা | ১। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে প্রতিবেদন প্রেরণ করতে নির্দেশনা প্রদান করা হয়।<br>২। শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ও ২০২২-২০২৩ অর্থবছরের যুব কল্যান তহবিলের অনুদানের আবেদন আগামী ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে আবেদন করতে হবে। এবিষয়ে সংশ্লিষ্ট আবেদনকারী আবেদনের বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য স্ব স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকত |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেণ।

(মোঃ মোস্তাক উদ্দীন)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
E-mailঃ ddkhulna@dyd.gov.bd
ফোনঃ ০২-৪৪১১০৯৪৭।

নং - ৩৪.০১.৪৭০০.০০০.০৬.০০২.২০১৩- ৯৯৬৮

তারিখ ঃ ২০ পৌষ, ১৪২৯
০৮ জানুয়ারী, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০২। পরিচালক (বাস্তবায়ন/দারিদ্র বিমোচন ও ঋণ/প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৩। ডেপুটি কো -অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা
০৪। সকল প্রশিক্ষণ ট্রেড প্রধানগণ......................................................, জেলা কার্যালয়, খুলনা
০৫। উপজেলা/ থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/ খালিশপুর/ রূপসা /দাকোপ/ ডুমুরিয়া/ বটিয়াঘাটা/ ফুলতলা/ দিঘলিয়া/তেরখাদা/কয়রা/পাইকগাছা, খুলনা
০৬। অফিস নথি/ মাষ্টার ফাইল।

(মোঃ পারভেজ মোল্যা)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

'পরিশিষ্ট - 'ক'(স্বাক্ষরের ক্রমানুসারে )

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব এইচ এম নুরুজ্জামান, ডেপুটি কো-অর্ডিনেটর,যুব প্রশিক্ষণ কেন্দ্র,খুলনা | ০৮/০১/২০২৩ |
| ০২ | জনাব মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক ,যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ,, |
| ০৩ | জনাব মোঃ মাহফুজুর রহমান, থানা যুব উন্নয়ন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা | ,, |
| ০৪ | জনাব সেখ মাহবুর রহমান, থানা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর ইউনিট, খুলনা | " |
| ০৫ | জনাব মোঃ আবুবকর মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বটিয়াঘাটা,খুলনা | " |
| ০৬ | জনাব এস,এম,কামরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলতলা, খুলনা | " |
| ০৭ | জনাব আমজাদ হোসেন সরদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দাকোপ, খুলনা | " |
| ০৮ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর, কয়রা,খুলনা | " |
| ০৯ | জনাব শেখ বজলুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রুপসা, খুলনা | " |
| ১০ | জনাব মোঃ ওবায়েদুল হক হাওলাদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুররিয়া, তেরখাদা, খুলনা | " |
| ১১ | জনাব যাদব চন্দ্র রায়, থানা যুব উন্নয়ন কর্মকর্তা, খালিশপুর ইউনিট, খুলনা | " |
| ১২ | জনাব পারভীন আক্তার বানু, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাইকগাছা, খুলনা | " |
| ১৩ | জনাব মোঃ মনিরুজ্জামান, সিনিয়র প্রশিক্ষক, মডার্ন অফিস ম্যানেজমেন্ট, যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | " |
| ১৪ | জনাব অমিতাভ বিশ্বাস, প্রশিক্ষক(মৎস্য) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | " |
| ১৫ | জনাব বেবী রানী সাহা, প্রশিক্ষক (পোষাক) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | " |
| ১৬ | জনাব মোঃ এমদাদুল হক বাবেল, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ১৭ | জনাব দেবাশীষ কর্মকার, প্রশিক্ষক(কম্পিউটার) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ১৮ | জনাব প্রদীপ কুমার দাস, প্রশিক্ষক(ইলেকট্রিকাল) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ১৯ | জনাব মাছুমা সুলতানা, ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ২০ | লাভলী পারভীন, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |